৭৭

দৈনিক বাংলা

তারিখ ..0.6 JUN 1995... ...
পৃষ্ঠা ৮ কলাম... ২.....

দু'বছর ছাত্র রাজনীতি নিষিদ্ধ

# ১৪ জুন বিএল কলেজ খুলছে

নিজস্ব সংবাদদাতা ঃ খুলনা, ৫ জুন।–১০৭ দিন ক্লাস বন্ধ থাকার পর আগামী ১৪ জুন সরকারী বিএল বিশ্ববিদ্যালয় কলেজ শর্তসাপেক্ষে খুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। সোমবার সকালে কলেজ শিক্ষক পরিষদের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

কলেজ অধ্যক্ষ কাজী রফিকুল হকের সভাপতিত্বে সোমবার সকাল ১১টায় শিক্ষক মিলনায়তনে শিক্ষক পরিষদের এক সভা অনুষ্ঠিত হয়। কতিপয় বিধিনিষেধসহ ১৩ জুন কলেজ ছাত্রাবাস এবং ১৪ জুন কলেজ খুলে দেয়া হবে। এ ব্যাপারে একটি নীতিমালা প্রণয়ন করা হয়েছে। কলেজ খোলা থাকা অবস্থায় নীতিমালা লংঘন করলে তা হবে আইনত দন্ডনীয়।

উল্লেখ্য, নীতিমালার মধ্যে আগামী ৯৭ সালের ৩০ জুন পর্যন্ত কলেজে সকল প্রকার রাজনৈতিক ও সাংস্কৃতিক কর্মকান্ড নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। দু'বছর যাবৎ ছাত্র সংসদ নির্বাচন বন্ধ থাকবে। কলেজের কিংবা ছাত্রছাত্রীদের কোন সমস্যা ব্যক্তিগতভাবে অধ্যক্ষকে জানানো যাবে। তবে সমষ্টিগতভাবে নয়। ৩১ ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রীয়ভাবে পরিচালিত সহ-শিক্ষা কার্যক্রম সম্পূর্ণ স্থগিত থাকবে। ক্যাম্পাসে সার্বক্ষণিক পুলিশ/ বিডিআর মোতায়েন থাকবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের সার্বিক দায়িত্ব তাদের উপর ন্যস্ত থাকবে। কলেজ কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়াই তারা আইন-শৃঙ্খলা রক্ষার্থে যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। পুলিশ যে কোন সময়ে ছাত্রবাস তল্লাশি ও দেহ তল্লাশিসহ পরিচয়পত্র চাইতে পারবে।

উল্লেখ্য, বেশ কিছুদিন থেকে কলেজ কর্তৃপক্ষ রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক এবং প্রশাসনিক যোগাযোগ শেষে কলেজ খোলার সিদ্ধান্ত নেয়।